

Ex/ARTS/BNG/PG/3.54/2025

মাতাকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : পি জি - ৩.৫৪ (ঐচ্ছিক)

বিষয় : উনিশ শতক : সমাজ ধারণার বিবর্তন ও প্রতিষ্ঠানের
প্রতিক্রিয়া

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। উনিশ শতকের বাংলার সমাজ সংস্কার আন্দোলনগুলিকে সেই সময়ের
প্রেক্ষিতে বিচার করে তাদের সার্থকতা ও সীমাবদ্ধতা বিষয়ে মন্তব্য
করো। ১০

(অথবা)

২। তোমার কি মনে হয় উনিশ শতকের বাংলার সমাজ-সংস্কার
আন্দোলনের প্রেক্ষিতে যে সব সামাজিক বিতর্ক তৈরি হয়েছিল সে
সবের আজ কোনোও প্রাসঙ্গিকতা আছে? না কি, তুমি মনে কর
শতাব্দী পেরিয়ে সে সবই আজ নিছক তামাদি হয়ে যাওয়া তর্ক।

১০

BNG-1159

[Turn Over]

(২)

৩। বেগম রোকেয়ার ‘অর্দ্ধাঙ্গী’ প্রবন্ধ উনিশ শতকের বাংলার স্ত্রীশিক্ষা
প্রচলনের প্রকল্পের মূলে আঘাত করে। এই মন্তব্য কি তুমি সম্পূর্ণত
বা অংশত মানবে, না কি প্রত্যাখ্যান করবে? যুক্তিসহ তোমার
মতামত দাও। ১০

(অথবা)

৪। ‘সুশীলার উপাখ্যান’ রচনায় শিক্ষিত বাঙালি ভদ্রমহিলা তৈরির যে
প্রকল্প লক্ষ করা যায় তার বৈশিষ্ট্য আলোচনা করে সে বিষয়ে মন্তব্য
করো। ১০

৫। ‘বিষবৃক্ষ’, ‘দেবী চৌধুরাণী’ ও ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে সামাজিক
লিঙ্গরূপের যে ধারণা তৈরি হয় সে বিষয়ে তোমার মত জানাও। ১০

(অথবা)

৬। রাজনারায়ণ বসুর ‘সেকাল আর একাল’ রচনায় দুই সময়ের
শিক্ষাব্যবস্থা ও তার আনুষঙ্গিক বিষয়ের যে ছবি পাওয়া যায় সে
বিষয়ে তোমার মন্তব্যসহ আলোচনা করো। ১০

৭। উনিশ শতকের প্রথমার্ধে বাংলায় ইংরেজি শিক্ষা প্রচলনের সামাজিক
অভিঘাতকে তুমি কীভাবে দেখ? তোমার মতামত জানাও। ১০

(অথবা)

৮। উনিশ শতকের বাংলায় ব্রাহ্মধর্ম প্রচলন ও প্রসার যে সাড়া ফেলেছিল
শেষ পর্যন্ত তা খুব দীর্ঘস্থায়ী হল না। এর কারণ কী বলে তোমার
মনে হয়? ১০

★ ★ ★

BNG-1159

XX24(113)—55